

স্বাধীন

001

তারিখ ... 26/5/83
পৃষ্ঠা ... 5 কলাম 1

রমজানের পর পরীক্ষা নেয়ার আবেদন

দীর্ঘ ৯৩ দিন বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। ইতিমধ্যে কতৃপক্ষ গ্রীষ্মের ছুটি বাতিল করে দিয়ে ঐ সময়ে ক্লাস চালিয়ে নেয়ার এক প্রশংসনীয় উদ্যোগ নিয়েছেন। সুদীর্ঘ বন্ধের ফলে আমাদের ক্লাসসমূহ ও পড়া-লেখার যে অপূরণীয় ক্ষতি হয়েছে এতে করে আমরা তা কিছুটা হলেও পূরণে নিতে পারব। সম্পূর্ণরূপে না হলেও রমজানের ছুটির অধিকাংশ সময় বাতিল করে দিয়ে সে সময়টাতেও ক্লাস নেয়ার জন্য কতৃপক্ষের নিকট আমরা আবেদন জানাচ্ছি। এর ফলে বিভিন্ন ডিপার্টমেন্টের অসমাপ্ত কোর্স সমাপ্ত করার

সুযোগ পাওয়া যাবে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের অধীন যে ফাইনাল পরীক্ষাসমূহ গত ১৫ই মার্চ থেকে অন্তর্হিত হওয়ার কথা ছিল কতৃপক্ষ তা রমজানের ছুটির ভেতর নেয়ার জন্য সিদ্ধান্ত নিতে যাচ্ছেন বলে শোনা যাচ্ছে। এতে আমাদের অসুবিধা ছিল না। কিন্তু গত ১৪ ও ১৫ই ফেব্রুয়ারীর দুঃখজনক ঘটনাবলীর পরবর্তী বিপর্যস্ত সময়-গুলোতে অধিকাংশ ছাত্রছাত্রীই তাদের প্রয়োজনীয় বইপুস্তক-গুলো নিয়েও হুল ত্যাগ করতে পারেননি। এমসি যাবৎ লাইব্রেরী বন্ধ ছিল এবং বেশীর ভাগ ছাত্র-ছাত্রীই চাকর খাইরে নিজ নিজ বাড়ীতে অবস্থান করেছেন। লেখা-পড়ার সাথে এই সুদীর্ঘ সময়ের বিচ্ছিন্নতার মারাত্মক পরিণতি আমরা

হাড়ে হাড়ে উপলব্ধি করছি। পড়া-লেখার জন্য আমরা লাইব্রেরীর বই পুস্তকের ওপর অতিমাত্রায় নির্ভরশীল। অথচ এই লাইব্রেরীর সাথে দীর্ঘদিন যোগাযোগ ছিল না। এমতাবস্থায় এই অল্প সময়ের প্রস্তুতিতে পরীক্ষা নেয়ার সিদ্ধান্তে আমরা বিচলিত বোধ করছি। এখনো অধিকাংশ ছাত্রছাত্রী হুলসমূহে কিরে আসেনি। সুষ্ঠু পরিবেশের মধ্য দিয়ে নিয়মিত লেখাপড়া চালিয়ে যাওয়া আমাদের আন্তরিক ইচ্ছা। কিন্তু পরীক্ষার জন্য প্রস্তুতির সুযোগ ব্যতীত পরীক্ষা অন্তর্হিত হলে আশানুরূপ ফল থেকে আমরা বঞ্চিত হবো। তাই এসব দিক বিবেচনা করে রমজানের ছুটি বাতিলের মধ্যে দিয়ে রমজানের অব্যবহিত পরে কোর্সপদ্ধতির বিভিন্ন বর্ষের

ফাইনাল পরীক্ষাসমূহ নেয়ার সিদ্ধান্ত বিবেচনা করে দেখার জন্য সদাশয় কতৃপক্ষের নিকট আমরা আবুল আবেদন জানাই।

ছাত্রছাত্রীর পক্ষে
আবুল চৌধুরী ও আবুল কাসেম
অর্থনীতি বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।